

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১০৬

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৪৫. ছবি সম্পর্কে।

# باب فِي الصُّورِ

#### আরবী

#### বাংলা

8১০৬. ওয়াহাব ইবন বাকীয়া (রহঃ) .... আবূ তালহা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ যে ঘরে কুকুর এবং ছবি থাকে, সেখানে রহমতের ফেরেশতা প্রবেশ করে না। রাবী যায়দ ইবন খালিদ (রহঃ) সাঈদ ইবন ইয়াসার (রহঃ)-কে তার সঙ্গে উম্মুল মু'মিনীন আয়িশা (রাঃ) এর নিকট এ ব্যাপারে জিজ্ঞাসা করার জন্য যেতে অনুরোধ করেন। রাবী বলেনঃ আমরা তাঁর কাছে গিয়ে বলিঃ হে উম্মুল মু'মিনীন! আবূ তালহা (রাঃ) আমাদের নিকট রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এরূপ হাদিছ বর্ণনা করেছেন। আপনি কি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এ ধরনের কোন হাদিছ শুনেছেন? তিনি



বলেনঃ না, তবে আমি তোমাদের কাছে আমার চোখে দেখা একটি ঘটনা বর্ণনা করব যা তিনি করেন।

একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম কোন এক যুদ্ধে গেলে, আমি তাঁর ফিরে আসার অপেক্ষায় ছিলাম। এ সময় আমি একটি পর্দা নিয়ে দরজায় ঝুলিয়ে দেই। তিনি ফিরে আসলে, আমি তাঁকে স্বাগতম জানিয়ে বিলঃ ইয়া রাসূলাল্লাহ! আপনার প্রতি সালাম, আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হোক। সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। যিনি আপনাকে সম্মানিত ও মহিমান্বিত করেছেন। তিনি ঘরের দরজার দিকে তাকিয়ে, আমার সালামের কোন জবাব দিলেন না এবং আমি তাঁর চেহারায় রাগের চিহ্ন দেখতে পাই। এরপর তিনি পর্দার কাছে গিয়ে তা ছিঁড়ে ফেলেন এবং বলেনঃ আল্লাহ তা'আলা আমাকে এরূপ নির্দেশ দেননি যে, আমি তাঁর প্রদন্ত রিয়িক থেকে ইট-পাথরকে কাপড় পরিধান করাই। আয়িশা (রাঃ) বলেনঃ আমি সেটি দুই টুকরা করে, তার মধ্যে খেজুরের পাতা ভরে দু'টি বালিশ তৈরী করি; এতে তিনি কোনরূপ অসম্ভুষ্টি প্রকাশ করেননি।

### **English**

Narrated Abu Talhat al-Ansari:

I heard the Prophet (ﷺ) say: The angels do not enter a house which contains a dog or a picture. Zaid b. Khalid al-Juhani said to Sa'id b. Yasar al-Ansari, the transmitter of this tradition: Go with me to 'Aishah, Mother of Faithful, so that we ask about it. So we went and said to her: Mother of Faithful, Abu Talhah has transmitted to us a tradition so-and-so. Have you heard the Prophet (ﷺ) mentioning that ? She replied: No but I tell what I saw him doing. The Messenger of Allah (ﷺ) went on an expedition and I was waiting for his return. I got a carpet which I hung as a screen on a stick over the door. When he came I received him and said: Peace be upon you, Messenger of Allah, His mercy and His blessings. Praise to be Allah Who gave you dominance and respect. Then he looked at the house and saw the carpet; and he did not respond to me at all. I found (signs of) disapproval in his face. He then came to the carpet and tore it down. He then said: Allah has not commanded us to clothe stones and clay out of the sustenance He has given us. She said: I then cut it to pieces and made two pillows out of it and stuffed them with palm fibre, and he did not disapprove of it to me.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ ত্বলহা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন